



## এনএসইউতে আইসিটিবির গণশুনানি অনুষ্ঠিত

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে (এনএসইউ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল বাংলাদেশের (আইসিটিবি) গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। জুলাই গণহত্যা সম্পর্কিত তথ্যপ্রমাণ সংগ্রহের লক্ষ্যে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ সময় উপস্থিত ছিলেন এসএসইউ উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী, কোষাধ্যক্ষ ও উপ-উপাচার্য (ভারপ্রাপ্ত) অধ্যাপক আবদুর রব খান ও রেজিস্ট্রার অধ্যাপক আহমেদ তাজমীন। এছাড়া শুনানিতে অংশগ্রহণকারী আইনজীবীদের মধ্যে ছিলেন প্রধান প্রসিকিউটর (অ্যাটর্নি জেনারেল) মোহাম্মদ তাজুল ইসলাম, প্রসিকিউটর গাজী মনোয়ার হোসেন তামিম, বিএম সুলতান মাহমুদ, মো. শহিদুল ইসলাম সরদার, ফারুক আহমেদ, আবদুল্লাহ আল নোমান, মো. সাইমুম রেজা তালুকদার, এসএম মইনুল করিম, শাইখ মাহদি, তারেক আবদুল্লাহ, তানভীর হাসান জোহা ও মো. হাসানুল বাব্বা।